



নেত্রকোণা বিশ্ববিদ্যালয়
নেত্রকোণা-২৪০০, বাংলাদেশ
প্রশাসন শাখা,
ওয়েবসাইট: www.neu.ac.bd

স্মারক নম্বর: ৩৭.০১.৭২০১.০০০.০১৩.১৮.০০০১.২৩.৩০

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৮ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: পবিত্র রমজান ও পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ছুটি, পুনর্বিন্যাস এবং বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: ১) ইউজিসি-এর স্মারক নং: ৩৭.০১.০০০০.০০০.১৫১.৯৯.০০০১.১৯.১৩২; তারিখ: ৮ মার্চ ২০২৬

২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭৮.৯৯.০০১.২০২২-৬২; তারিখ: ৮ মার্চ ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের পত্রের বরাতে জানানো যাচ্ছে যে, পবিত্র রমজান ও পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ছুটি নিম্নোক্তভাবে পুনর্বিন্যাস করা হলো।

- একাডেমিক ছুটি (ক্লাস ছুটি) : ০৮ মার্চ ২০২৬ হতে ২৬ মার্চ ২০২৬ পর্যন্ত (পূর্ব নির্ধারিত একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী)।
- অফিস ছুটি : ০৯ মার্চ ২০২৬ হতে ২৪ মার্চ ২০২৬ পর্যন্ত (পুনর্বিন্যাসকৃত)।

তাছাড়া, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর নির্দেশনা অনুযায়ী বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের অনুরোধ করা হলো।

(ক) দিনের বেলায় পর্যাপ্ত প্রাকৃতিক আলো থাকলে বৈদ্যুতিক বাতি ব্যবহার পরিহার করতে হবে এবং জানালা ও দরজা কিংবা ব্লাইন্ড খোলা রেখে প্রাকৃতিক আলো ব্যবহার করতে হবে।

(খ) বিদ্যমান ব্যবহৃত আলোর অর্ধেক ব্যবহার করতে হবে। প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার পরিহার করতে হবে।

(গ) অফিস চলাকালীন প্রয়োজনের অতিরিক্ত লাইট, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি বন্ধ রাখতে হবে।

(ঘ) এয়ার কন্ডিশনার ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখতে হবে।

(ঙ) অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করতে হবে।

(চ) অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধ করতে হবে।

(ছ) বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহার করতে হবে।

(জ) অফিস সময় শেষ হওয়ার পর সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি (লাইট, ফ্যান, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, এয়ার কন্ডিশনার ইত্যাদি) বন্ধ নিশ্চিত করতে হবে।

(ঝ) যাবতীয় আলোকসজ্জা পরিহার করতে হবে।

(ঞ) গাড়ির ব্যবহার সীমিত করতে হবে।

(ট) জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী হতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে-

০৮-০৩-২০২৬

ড. মোহাম্মদ হারুন-অর-রশিদ
রেজিস্ট্রার

জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ডিন, সকল অনুষদ, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ২। বিভাগীয় চেয়ারম্যান (সকল), নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।।
- ৩। প্রক্টর, প্রক্টর অফিস, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ৪। শিক্ষকমন্ডলী, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।।
- ৫। পরিচালক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব শাখা, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ৬। পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।

- ৭। শাখা প্রধান (সকল), নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ৮। শিক্ষার্থীবৃন্দ, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।।
- ৯। কর্মকর্তা (সকল), নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।।
- ১০। প্রোগ্রামার, আইসিটি সেল, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ১১। পি. এস. টু ভাইস-চ্যান্সেলর, ভাইস-চ্যান্সেলর দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ১২। সহকারী রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব), ট্রেজারার দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ১৩। পিএ টু রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ১৪। কর্মচারী (সকল), নেত্রকোণা বিশ্ববিদ্যালয় এবং
- ১৫। ডেসপাচ ক্লার্ক, রেজিস্ট্রার দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।

